

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
বাড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা

ফোন : ৪৮১২২৪৯৬, ৪৮১১৯৮৮১
ফ্যাক্স : ৪৮১১৩৩৩৩, ৫৮১৫২০১৯
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট : www.bmd.gov.bd



আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি: ক্রমিক নং -০৩ (তিন), তারিখ: ১৯.০৮.২০২২ খ্রি:

উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তরপূর্ব বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ (১৯ আগস্ট ২০২২) সন্ধ্যা ০৬ টায় বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূলের অদূরে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (অক্ষাংশ: ২১.২° উত্তর, দ্রাঘিমাংশ: ৮৮.২° পূর্ব) অবস্থান করছিল। এটি আরো উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে আজ রাত ০৯ টা থেকে মধ্যরাতের (১৯ আগস্ট ২০২২) মধ্যে ভারতের পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করতে পারে। গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কি.মি. এর মধ্যে বাতাসের সর্বোচ্চ একটানা গতিবেগ ঘণ্টায় ৫০ কি.মি. যা দমকা/ঝড়ো হাওয়ার আকারে ৬০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপটির প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চারণশীল মেঘমালা সৃষ্টি অব্যাহত রয়েছে এবং উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় বায়ুচাপ পার্থক্যের আধিক্য বিরাজ করছে।

গভীর নিম্নচাপটির প্রভাবে সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঘণ্টায় ৪০-৫০ কি.মি. বেগে অস্থায়ী দমকা/ ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/ বজ্রসহ বৃষ্টি হতে পারে।


চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

গভীর নিম্নচাপ ও বায়ুচাপ পার্থক্যের আধিক্যের প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম ও কক্সবাজার এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০২-০৪ ফুট অধিক উচ্চতার বায়ুতাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

প্রাপক,

- মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৪৫৪০৫, ২. মন্ত্রী পরিষদ সচিব, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯,
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্স: ৯১৪৩৩৭৭, ৪. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৫৮১৫২৫৩০,
- সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্স: ৮১২৮৭৯৯, ৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্স: ৮১২৮৭৯৯
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯/৯৫৪৫৪০৫, ৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৭৬৭৭৩
- যুগ্ম সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯১১০৫৩৫, ১০. এসএসএফ, ফ্যাক্স: ৮১১১৩৫১/৯১১৩৬৫১, ১১. সিপিপি, ফ্যাক্স: ৯৩৩৮৪০১
- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ফ্যাক্স: ৮৭৫৪২৭০, ৯৮৮৫৬৩৩, ১৩. নৌ সদর দপ্তর, ফ্যাক্স: ৮৭৫৪২৭০, ৯৮৮৫৬৩৩
- নৌপরিবহন মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৬৬০৩১১, ৯৫৬২০০৭, ১৫. জাতীয় দুর্যোগ সাজাদান কেন্দ্র(এনডিআরসিসি), ফ্যাক্স: ৯৫৪৯১৪৮, ৯৫৪০৫৬৭
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ), ফ্যাক্স: ৯৫৫৭৩৮৬, ১৭. বাংলাদেশ টেলিভিশন(বিটিবি), ফ্যাক্স: ৮৩১২৯২৭
- বাংলাদেশ বেতার, ফ্যাক্স: ৮১১৭৮৫০, ১৯. বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র(এফএফডব্লিউটিএ), ফ্যাক্স: ৯৫৫৭৩৮৬,
- ইউএনবি, ফ্যাক্স: ৯৩৪৪৫৫৬, ২১. বাংলাদেশ সংবাদ সংস্থা(বাসস), ফ্যাক্স: ৯৫৫৭৯২৯, ৯৫৫১০৫২, ২২. প্রধান আবহাওয়া কার্যালয়, চট্টগ্রাম, ফ্যাক্স: ০২-৩৩৩০০৯৬২, ২৩. সিডিএমপি, ফ্যাক্স: ৯৮৯০৮৫৪, ২৪. কোস্টগার্ড, ফ্যাক্স: ৯১৪০০৯২, ২৫. বন্দর কর্তৃপক্ষ, মংলা, ফ্যাক্স: ০৪৬৬২-৭৫২২৪
- বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম, ফ্যাক্স: ৭১০৫৯৩, ২৭. প্রধান মন্ত্রীর কার্যালয়ের সশস্ত্র বাহিনী বিভাগ(এএফডি), ফ্যাক্স: ৪৮৫৪৩৯৯, ৮১১৫৯০০, ৮৮২৩২৩৩
- বাংলাদেশ সেনা বাহিনী, ফ্যাক্স: ৮৭৫৪৪৫৫, ২৯. বাংলাদেশ বিমান বাহিনী, ফ্যাক্স: ৮৭৫১৯৩১, ৩০. রয়টারস, ফ্যাক্স: ৮৩১২৯৭৬
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন(বিআইডব্লিউটিএ), ফ্যাক্স: ৯৫৬৩৬৫৩, ৩২. এটিএন, ফ্যাক্স: ৮১১১৮৭৬/৯১৩৯৮৮৩


(ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক)

আবহাওয়াবিদ
পরিচালকের পক্ষে
১৯, ১৯৩০ বিএসটি